# Janata Bank Limited
# Rural Credit (RC) Officer : 2023
# Exam Held on : 27.10.23

1. **বাংলা ব্যাকরণ গ্রন্থ প্রথম কোন বাঙালি রচনা করেন?**
A. রামরাম বসু B. রামনারায়ণ তর্করত্ন
C. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর D. রাজা রামমোহন রায়
**ব্যাখ্যা (উত্তর: D):**

| রামরাম বসু |
|---|
| রামরাম বসু উইলিয়াম কেরীকে বাংলা শেখাতেন। এজন্য তাকে 'কেরী সাহেবের মুন্সী' বলা হতো। তাঁর রচিত কয়েকটি সাহিত্যকর্ম হলো- রাজা প্রতাপাদিত্য চরিত্র, লিপিমালা। |
| **রামনারায়ণ তর্করত্ন** |
| রামনারায়ণ তর্করত্ন একজন নাট্যকার ছিলেন। তাঁর রচিত নাটক- কুলীনকুলসর্বস্ব, বেণীসংহার, নব-নাটক, যেমন কর্ম তেমন ফল (প্রহসন), উভয় সঙ্কট (প্রহসন)। |
| **ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর** |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালে জন্মগ্রহণ করেন। তাঁর পারিবারিক নাম ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়; 'বিদ্যাসাগর' ছিল তাঁর উপাধি। ১৮৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে তিনি 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন। তাঁর কয়েকটি উল্লেখযোগ্য মৌলিক গ্রন্থ হলো- প্রভাবতী সম্ভাষণ, বিদ্যাসাগর চরিত বা আত্মচরিত, অতি অল্প হইল, আবার অতি অল্প হইল, ব্রজবিলাস, ব্যাকরণ কৌমুদী প্রভৃতি। |
| **রাজা রামমোহন রায়** |
| 'গৌড়ীয় ব্যাকরণ' হলো বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ গ্রন্থ। এটি ১৮৩৩ সালে রচিত হয়। রাজা রামমোহন রায় রচনা করেন। এটি বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ। রাজা রামমোহন রায় রচিত কয়েকটি গদ্যগ্রন্থ হলো- বেদান্তগ্রন্থ, বেদান্তসার, পথ্য প্রদান, ভট্টাচার্যের সহিত বিচার, গোস্বামীর সহিত বিচার, প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ। |

2. **বিরামচিহ্ন কেন ব্যবহৃত হয়?**
A. বাক্য সংকোচনের জন্য
B. বাক্যের অর্থ স্পষ্টকরণের জন্য
C. বাক্যের সৌন্দর্যের জন্য
D. বাক্যকে অলংকৃত করার জন্য

**ব্যাখ্যা (উত্তর: B):** বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝানোর জন্য বাক্যের মধ্যে বা পরিসমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ (হর্ষ, বিষাদ), জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার উদ্দেশ্যে বাক্য-গঠনে যেভাবে বিরতি দিতে হয় এবং লেখার সময় বাক্যের মধ্যে তা দেখানোর জন্য যেসব সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়, তাই বিরামচিহ্ন। ১৮৪৭ সালে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা সাহিত্যে প্রথম বিরামচিহ্ন ব্যবহার করেন।

3. **আচার' ও 'বোতাম' শব্দ দুটি কোন ভাষা হতে বাংলায় গৃহীত হয়েছে?**
A. ফরাসি ভাষা B. পর্তুগিজ ভাষা
C. ওলন্দাজ D. ফারসি ভাষা
**ব্যাখ্যা (উত্তর: B):** বিভিন্ন ভাষার কিছু গুরুত্বপূর্ণ শব্দ নিম্নরূপ-

| | |
|---|---|
| ফরাসি শব্দ | কার্তুজ, কুপন, ক্যাফে, ডিপো, পিস্তল, ফরাসি, বুর্জোয়া, রেনেসাঁ, রেস্তোরাঁ |
| পর্তুগিজ | আনারস, চাবি, ইস্পাত, গুদাম, তামাক, বালতি, পাউরুটি, বেহালা, কেরানি, ইংরেজি, কেদারা, আচার, বোতাম |
| ওলন্দাজ | ইস্কাপন, তুরুপ, রুইতন, হরতন |
| ফারসি শব্দ | দরবার, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ, রফতানি, হাঙ্গামা, জাদু |

4. **'মনীষা' এর সন্ধি বিচ্ছেদ –**
A. মন + ইষা B. মন +ঈষা
C. মনস + ইষা D. মনস + ঈষা
**ব্যাখ্যা (উত্তর: D):** যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। কয়েকটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধির উদাহরণ নিম্নরূপ-

| | |
|---|---|
| মনীষা = মনস্+ঈষা | আশ্চর্য = আ+চর্য |
| একাদশ = এক্+দশ | বৃহস্পতি = বৃহৎ+পতি |
| গোষ্পদ = গো+পদ | বিশ্বামিত্র= বিশ্ব+মিত্র |
| তস্কর = তৎ+কর | বনস্পতি = বন্+পতি |
| পতঞ্জলি= পতৎ+অঞ্জলি | ষোড়শ = ষট্+দশ |

5. দুটি বাক্যকে এক বাক্যে পরিণত করার কাজ করে কোনটি?

A. ড্যাশ B. কমা
C. দাড়ি D. কোলন

ব্যাখ্যা (উত্তর: A):

| ড্যাস |
|---|
| যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি ব্যাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাস (-) চিহ্ন ব্যবহৃত হয়। যেমন : তোমরা দরিদ্রের উপকার কর- এতে তোমাদের সম্মান যাবে না- বাড়বে। |
| **কমা** |
| সম্বোধনের পরে কমা ব্যবহৃত হয়। যেমন- রশিদ, এদিকে এসো। |
| **দাঁড়ি** |
| বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ব্যবহৃত হয়। যেমন - শীতকালে এ দেশে আবহাওয়া শুষ্ক থাকে। |
| **কোলন** |
| একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে কোলন ব্যবহৃত হয়। যেমন- সভায় সাব্যস্ত হলো : একমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে। |

6. 'তোমার সৃষ্টির পত রেখে আকীর্ণ করি' রবীন্দ্রনাথের কোন কাব্যের কবিতা?

A. পূরবী B. আকাশ প্রদীপ
C. সেঁজুতি D. শেষলেখা

ব্যাখ্যা (উত্তর: D): রবীন্দ্রনাথ ঠাকুরের বিভিন্ন কবিতার কিছু গুরুত্ব পঙক্তি নিম্নরূপ-

| পঙক্তি | সাহিত্য |
|---|---|
| উদয়ের পথে শুনি কার বাণী...... | পূরবী |
| বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর পার্থনা...... | গীতাঞ্জলী |
| এ জগতে হায়, সেই বেশি চায় যার...... | দুই বিঘা জমি |
| তোমার সৃষ্টির পথ রেখেছ আকীর্ণ করি | শেষলেখা |
| সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাকা | বলাকা |
| আজ হতে শতবর্ষ পরে ...... | ১৪০০ সাল |
| একখানি ছোট ক্ষেত আমি একেলা | সোনার তরী |
| মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে...... | প্রাণ |

| শেষলেখা |
|---|
| রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ কাব্য 'শেষ লেখা (১৯৪১)'। এটি তার মৃত্যুর পর প্রকাশিত হয়, তাই তিনি এটির নামকরণ করে যেতে পারেননি। এ গ্রন্থের কবিতাগুলো তাঁর জীবনের শেষ সময়কালে লেখা। |

7. চণ্ডীদাস বলেন 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই' এটি কোন কালের বাক্য?

A. সাধারণ অতীত B. সাধারণ বর্তমান
C. পুরাঘটিত বর্তমান D. পুরাঘটিত অতীত

ব্যাখ্যা (উত্তর: B):

| সাধারণ অতীত কাল |
|---|
| বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন- প্রদীপ নিভে গেল। |
| **সাধারণ বর্তমান কাল** |
| যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। প্রাচীন লেখকের উদ্ধৃতি দিতে (অতীত কালের অর্থে) সাধারণ বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন- চণ্ডীদাস বলেন 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই'। |
| **পুরাঘটিত বর্তমান কাল** |
| ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। |
| **পুরাঘটিত অতীত কাল** |
| যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার আরো কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলা হয়। যেমন- সে বার তাকে সুস্থই দেখেছিলাম। |

8. 'গোড়া' ও 'গোঁড়া' শব্দের অর্থ যথাক্রমে–

A. আদি ও অন্ত B. মূল অংশ ও রক্ষণশীল
C. রক্ষণশীল ও মূল অংশ D. কোনোটিই নয়

ব্যাখ্যা (উত্তর: B): কিছু গুরুত্বপূর্ণ শব্দজোড় নিম্নরূপ-

| | |
|---|---|
| গোড়া : মূল অংশ<br>গোঁড়া : রক্ষণশীল | তারা : নক্ষত্র<br>তাড়া : তাড়না |
| অংশ : ভাগ<br>অংস : কাঁধ | বা : অথবা<br>বাঁ : বাম |
| অন্ত : মৃত্যু<br>অন্ত্য : শেষ | প্রকার : রকম<br>প্রাকার : দেয়াল |
| রতি : পরিমাণ<br>রথী : রথের আরোহী | চির : দীর্ঘ<br>চীর : ছিন্নবস্ত্র |
| সকল : সমস্ত<br>শকল : মাছের আঁশ | বাণ : শর<br>বান : বন্যা |

9. 'অংশু' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?

A. ঝটিকা B. শিখা
C. কর D. প্রভা

ব্যাখ্যা (উত্তর: A):

| |
|---|
| অংশু শব্দের সমার্থক শব্দসমূহ হলো- কিরণ, কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, রশ্মি, ময়ূখ |
| ঝটিকা শব্দের অর্থ ঝড়, তুফান, প্রভঞ্জন, বাত্যা। |

10. নিচের কোন বাগধারাটির সাথে 'বালির বাঁধ' বাগধারাটির মিল আছে?

A. হাঁড়ি ঠেলা B. সাপে-নেউলে
C. তাসের ঘর D. অমাবস্যার চাঁদ

ব্যাখ্যা (উত্তর: C):

| বাগধারা | অর্থ |
|---|---|
| সাপে-নেউলে, দা-কুমড়া | শত্রুভাবাপন্ন |
| তাসের ঘর, বালির বাঁধ | ক্ষণস্থায়ী |
| অমাবস্যার চাঁদ | দুর্লভ বস্তু |
| তোলা হাঁড়ি | গম্ভীর |
| দস্ত-ব-দস্ত | হাতে হাতে |
| তালপাতার সেপাই | অতিশয় দুর্বল |
| নবমীর দশা | মূর্ছা |
| নালায়েক | অক্ষম/অপদার্থ |
| দশবাই চণ্ডী | রাগী স্ত্রীলোক |

11. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গল্প নয়?

A. একরাত্রি B. নষ্টনীড়
C. সমাপ্তি D. অনির্বাণ

ব্যাখ্যা (উত্তর: D): বাংলা ছোটগল্পের জনক রবীন্দ্রনাথ ঠাকুর। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কয়েকটি গুরুত্বপূর্ণ ছোটগল্প নিম্নরূপ-

| | |
|---|---|
| সামাজিক গল্প | দেনা-পাওনা, হৈমন্তি, ছুটি, পোস্টমাস্টার, কাবুলিওয়ালা, খোকাবাবুর প্রত্যাবর্তন, শাস্তি, মাস্টারমশায়, ব্যবধান, পণরক্ষা, দিদি, মেঘ ও রৌদ্র, করুণা, যজ্ঞেশ্বরের যজ্ঞ |
| প্রেমের গল্প | নষ্টনীড়, সমাপ্তি, একরাত্রি, রবিবার, শেষের রাত্রি, ল্যাবরেটরি, মহামায়া, শেষকথা, প্রায়শ্চিত্ত, মাল্যদান, পাত্র ও পাত্রী, স্ত্রীর পত্র, মধ্যবর্তীনী, দুরাশা, অপরিচিতা |
| অতিপ্রাকৃত গল্প | মনিহার, কঙ্কাল, ক্ষুধিত পাষাণ, জীবিত ও মৃত, গুপ্তধন, নিশীথে |

12. কোন বাক্যে 'কথা' শব্দটি তুলনা অর্থে ব্যবহৃত?

A. সেঁজুতির সাথে আমার কথা নাই।
B. লোকটির যেই কথা সেই কাজ।
C. আমাদের পাড়ায় একটি স্কুল খোলার কথা চলছে।
D. তুমি ধনীর ছেলে, তোমার সাথে কার কথা।

ব্যাখ্যা (উত্তর: A):

| |
|---|
| অপশন A তে কথা শব্দটি তুলনা অর্থে ব্যবহৃত হয়েছে। |
| অপশন B তে কথা শব্দটি প্রতিশ্রুতি অর্থে ব্যবহৃত হয়েছে। |
| অপশন C তে কথা শব্দটি প্রস্তাব অর্থে ব্যবহৃত হয়েছে। |
| অপশন D তে কথা শব্দটি বাক্যলাপ অর্থে ব্যবহৃত হয়েছে। |

13. মূলত কিসের মাধ্যমে ধ্বনি উৎপন্ন হয়?

A. শ্বাস ত্যাগ B. শ্বাস গ্রহণ
C. চিৎকার করা D. গান গাওয়া

ব্যাখ্যা (উত্তর: A): ভাষার মূল উপাদান হচ্ছে ধ্বনি। ধ্বনি ভাষার ক্ষুদ্রতম একক। বাংলা ভাষায় ৩৭টি মৌলিক ধ্বনি রয়েছে। যার মধ্যে মৌলিক স্বরধ্বনি ৭টি এবং মৌলিক ব্যঞ্জন ধ্বনি ৩০টি। শ্বাস ত্যাগের মাধ্যমে ধ্বনি উৎপন্ন হয়।

14. কোনটি 'মন্দভাগ্য' অর্থে ব্যবহৃত ?

A. আট কপালে B. উড়নচণ্ডী
C. ছা- পোষা D. গোঁফ খেজুরে

ব্যাখ্যা (উত্তর: A):

| বাগধারা | অর্থ |
|---|---|
| আট কপালে/ইদুর কপালে | হতভাগ্য |
| উড়নচণ্ডী | অমিতব্যয়ী |
| ছা-পোষা | অত্যন্ত গরীব |
| গোঁফ খেজুরে | নিতান্ত অলস |

15. তিতাস একটি নদীর নাম।– বাক্যে 'নদী' কোন প্রকার বিশেষ্য?

A. জাতিবাচক B. নামবাচক
C. বস্তুবাচক D. সমষ্টিবাচক

ব্যাখ্যা (উত্তর: A): যে পদে সাধারণত কোনো ব্যক্তি, বস্তু, জাতি, সমষ্টি, বিষয় ইত্যাদির নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে। বিশেষ্য পদ ছয় প্রকার। যথা:

| বিশেষ্য | উদাহরণ |
|---|---|
| নামবাচক বিশেষ্য | নজরুল, ঢাকা, সোমবার |
| জাতিবাচক বিশেষ্য | মানুষ, গরু, ফুল, সাগর, নদী, ফল |
| বস্তুবাচক বিশেষ্য | আকাশ, বই, চাল, চিনি, টেবিল |
| সমষ্টিবাচক বিশেষ্য | সভা, জনতা, পঞ্চায়েত, সমিতি |
| ক্রিয়াবাচক বিশেষ্য | গমন, ভোজন, শয়ন, দর্শন |
| গুণবাচক বিশেষ্য | মধুরতা, তারল্য, আলস্য, সততা |

16. 'সংসার' এর সন্ধি বিচ্ছেদ–

A. সং + সার B. সাং + সার
C. সম্ + সার D. সম + সার

ব্যাখ্যা (উত্তর: C):

| | |
|---|---|
| নিয়ম | ম্- এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়। |
| উদাহরণ | সংসার = সম্+সার, সংশয়= সম্+শয়, কিংবদন্তি = কিম্+বদন্তি, সংলাপ= সম্+লাপ, সংশপ্তক= সম্+শপ্তক, সংবর্ধনা = সম্+বর্ধনা, সংযম = সম্+যম |

17. যা বাক্য ও মনের অগোচরে তাকে কি বলে?

A. অনাস্বাদিতপূর্ব B. বিবমিষা
C. মনসিজ D. অবাঙ্‌মানস্‌গোচর

ব্যাখ্যা (উত্তর: D): কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ নিম্নরূপ-

| |
|---|
| যা বাক্য ও মনের অগোচরে : অবাঙ্‌মানস্‌গোচর |
| যা পূর্বে কখনও আস্বাদিত হয়নি : অনাস্বাদিতপূব |
| মনে উৎপন্ন : মনসিজ |
| বমির ভাব : বিবমিষা |
| দিন ও রাতের সন্ধিক্ষণ : গোধূলি |
| তল স্পর্শ করা যায় না যার : অতলস্পর্শী |
| ঈষৎ বক্র : বঙ্কিম |
| যে জয়লাভে দৃঢ় প্রতিজ্ঞ : সংশপ্তক |
| দ্বারে থাকে যে : দৌবারিক |

18. যা পূর্বে দেখা যায়নি- এক কথায় কিহবে?

A. অদৃষ্ট B. অদৃষ্টপূর্ব
C. অপূর্ব D. দৃষ্টপূর্ব

ব্যাখ্যা (উত্তর: B): কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ নিম্নরূপ-

| |
|---|
| যা কষ্টে নিবারণ করা যায় : দুর্নিবার |
| যা পূর্বে দেখা যায়নি : অদৃষ্টপূর্ব |
| যা দমন করা কষ্টকর : দুর্দমনীয় |
| যা সহ্য করা যায় না : দুর্বিষহ |
| যাহা সহজে উত্তীর্ণ হওয়া যায় না- দুস্তর |
| যা কষ্টে জয় করা যায় : দুর্জয় |
| যাহাতে সহজে গমন করা যায় না: দুর্গম |
| যাহা সহজে লঙ্ঘন করা যায় না : দুর্লঙ্ঘ |
| যা কষ্টে অর্জন করা যায়- কষ্টার্জিত |

19. বাক্যের প্রতিটি শব্দের সঙ্গে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কি বলে?

A. সমাস B. বিভক্তি
C. কারক D. সম্বন্ধ পদ

ব্যাখ্যা (উত্তর: B):

| |
|---|
| পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম সমাস। যেমন- দেশের সেবা= দেশসেবা। |
| বাক্যের মধ্যে অন্য শব্দের সাথে সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে অর্থহীন কিছু লগ্নক যুক্ত হয়, সেগুলোকে বিভক্তি বলে। বিভক্তিগুলো ক্রিয়াপদের সাথে নামপদের সম্পর্ক স্থাপন করে। কে, রে, দ্বারা, দিয়া, হতে, থেকে, র, এর, এ, য়, তে হলো বিভক্তির উদাহরণ। |
| কারক শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের (বিশেষ্য ও সর্বনাম) যে সম্পর্ক তাকে কারক বলে। যেমন- গাঁয়ে মানে না, আপনি মোড়ল। আলোচ্য বাক্যটিতে- 'গাঁয়ে' হলো কর্তৃকারকে সপ্তমী বিভক্তি। |

20. সংস্কৃত থেকে আগত অপরিবর্তিত শব্দের নাম কী?

A. তৎসম শব্দ B. দেশি শব্দ
C. বিদেশি শব্দ D. অর্ধ-তৎসম শব্দ

ব্যাখ্যা (উত্তর: A): তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম শব্দ বলে। তৎসম অর্থ তার (তৎ) সমান। যেমন- অঞ্চল, অন্ন, আঘাত, গগন, গ্রহ, চন্দ্র, দধি, ধর্ম, ধূলি, সূর্য, হংস, পৃথিবী, নারিকেল, সাগর, সন্ধ্যা।

21. বাংলা সাহিত্যে আবু সায়ীদ আইয়ুব এর অবদানের প্রধান ক্ষেত্র কোনটি?

A. কাব্য সাহিত্য B. উপন্যাস
C. নাটক D. প্রবন্ধ

ব্যাখ্যা (উত্তর: D): আবু সয়ীদ আইয়ুব (১৯০৬ - ২১ ডিসেম্বর, ১৯৮২) ছিলেন একজন বাংলা সাহিত্য সমালোচক, বিশিষ্ট চিন্তাবিদ, দার্শনিক, সাহিত্যপ্রেমী ও রবীন্দ্রকাব্য এবং সঙ্গীতের রসজ্ঞব্যাখ্যাতা। তিনি বাংলা ভাষায় আধুনিকতা ও রবীন্দ্রনাথ গ্রন্থ লিখে ১৯৭০ সালে সাহিত্য পুরস্কার লাভ করেন। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের দেশিকোত্তম উপাধি লাভ করেন। তার প্রথম বাংলা প্রবন্ধ বুদ্ধিবিভ্রাট ও অপরোক্ষানুভূতি। তিনি কবিতা ও চতুরঙ্গ পত্রিকায় প্রবন্ধ লিখেছেন।

22. 'ন্যাকামিটা এখন রাখ' বাক্যে 'ন্যাকামি' শব্দের সাথে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করেছে?

A. সার্থকতা B. নিরর্থকতা
C. ব্যর্থতা D. ভিন্নার্থতা

ব্যাখ্যা (উত্তর: B):

| |
|---|
| কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত নির্দেশক বলে। যেমন- টা, টি, গুলো, গুলি ইত্যাদি। কয়েকটি পদাশ্রিত নির্দেশকের ব্যবহার- |
| ১. 'এক' শব্দের সঙ্গে টা, টি, যুক্ত হলে অনির্দিষ্টতা বুঝায়। যেমন- একটি দেশ, সে যেমনই হোক দেখতে। কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি যুক্ত হলে নির্দিষ্টতা বোঝায়। যেমন- তিনটি টাকা, দশটি বছর। |
| ২. নিরর্থকভাবেও নির্দেশক টা, টি- র ব্যবহার লক্ষণীয়। যেমন- সারাটি সকাল তোমার আশায় বসে আছি। ন্যাকামিটা এখন রাখ। |
| ৩. নির্দেশক সর্বনামের পরে টা, টি যুক্ত হলে তা সুনির্দিষ্ট হয়ে যায়। যেমন- ওটি যেন কার তৈরি? এটা নয় ওটা আন। সেইটেই ছিল আমার প্রিয় কলম। |

**23. 'কোথায় থাকা হয়'– এটি কোন বাচ্যের উদাহরণ?**

A. কর্মবাচ্যের B. ভাববাচ্যের

C. কর্তৃবাচ্যের D. কর্ম-কতৃবাচ্যের

**ব্যাখ্যা (উত্তর: B)**: যে বাক্যে কর্ম থাকেনা এবং ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যে ক্রিয়াপদ সর্বদাই নাম পুরুষের হয়। ভাববাচ্যে কখনও কখনও কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। কয়েকটি ভাববাচ্যের উদাহরণ হলো-

> এবার মাছ ধরা যাক।
> কোথায় থাকা হয়?
> তোমার বেড়ানো হলো।
> কোথা থেকে আসা হচ্ছে?
> আমার যাওয়া হলো না।

**24. বাংলা গদ্য কোন যুগের ভাষার নিদর্শন?**

A. প্রাচীন যুগের B. মধ্যযুগের

C. আদি যুগের D. আধুনিক যুগের

**ব্যাখ্যা (উত্তর: D)**: বাংলা গদ্য আধুনিক যুগের সৃষ্টি। ১৫৫৫ খ্রিস্টাব্দে আসামের রাজাকে লেখা কোচবিহারের রাজার একটি পত্রকে বাংলা গদ্যের প্রাপ্ত প্রাচীনতম নিদর্শন বলে মনে করা হয়। দোম আন্তেনিও নামক একজন দেশীয় পাদ্রি রচিত 'ব্রাহ্মণ-রোমাণ-ক্যাথলিক-সংবাদ' গ্রন্থটি বাংলা গদ্যের প্রাথমিক প্রচেষ্টার নিদর্শন বলে ধরা হয়। গ্রন্থটি পর্তুগালের রাজধানী লিসবন নগরে ১৭৪৩ খ্রিস্টাব্দে রোমান অক্ষরে মুদ্রিত হয়। এটি বাঙালি লেখা প্রথম মুদ্রিত গ্রন্থ। মানোএল দা আসসুম্পসাঁও কর্তৃক রচিত এবং ১৭৪৩ খ্রিস্টাব্দে লিসবনে রোমান হরফে মুদ্রিত 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' বাংলা গদ্যের প্রাথমিক প্রচেষ্টার নিদর্শন হিসেবে উল্লেখযোগ্য। এটি বাংলা কথ্য ভাষার আদি গ্রন্থ।

**25. সাধু ও চলিত ভাষার পার্থক্য কোন পদে বেশি?**

A. বিশেষ্য ও সর্বনাম পদে

B. ক্রিয়া ও সর্বনাম পদে

C. বিশেষ্য ও ক্রিয়া পদে

D. বিশেষ্য ও বিশেষণ পদে

**ব্যাখ্যা (উত্তর: B)**: সাধু রীতি তৎসম শব্দবহুল এবং চলিত রীতি তদ্ভব শব্দবহুল। সাধু রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে এবং ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়। চলিত রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে এবং ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়। যেমন :

| ভাষারীতি | সর্বনাম | বিশেষ্য | ক্রিয়া |
|---|---|---|---|
| সাধু | তাহারা | ভাত | খাইতেছিল |
| চলিত | তারা | ভাত | খাচ্ছিল |

## English

**Each sentence has four underlined parts having words or phrases marked a, b, c, d identify one of the underlined parts that must be changed to make the sentence correct (Qs 26–30):**

**26. She must <u>retyping</u> (A) the report <u>before</u> (B) she <u>hands</u> (C) <u>it in to the</u> (D) director of financing.**

ব্যাখ্যা (উত্তর: A):

| |
|---|
| **Modal verb:** Can, could, may, might, shall, should, will, would, etc. |
| Modal verb এর পর verb এর base form হয়। তাই অপশন A তে must (modal verb) এর পর retyping না হয়ে retype হবে। |

**27. Several people <u>have</u> (A) <u>apparent</u> (B) tried to change <u>the man's mind</u> (C), but he refuses <u>to listen</u> (D).**

ব্যাখ্যা (উত্তর: **B**): Auxiliary verb এবং main verb এর মধ্যে কোন word আসলে তা অবশ্যই adverb হবে। আলোচ্য বাক্যে have হলো auxiliary verb এবং tried হলো main verb. এদের মধ্যে অপশন B তে apparent হলো adjective. তাই এটি ভুল। এখানে apparently (adverb) হলো সঠিক শব্দ।

**28. Rasel designed a form of communication enabling (A) people to convey (B) and preserve their thoughts to incorporate (C) a series of dots which were read (D) by the finger tips.**

ব্যাখ্যা (উত্তর: **C**): অপশন C তে to incorporate না হয়ে by incorporating হবে সঠিক উত্তর।

**29. I certainly (A) appreciate him (B) telling us (C) about the delay in delivering (D) the materials because we had planned to begin work tomorrow.**

ব্যাখ্যা (উত্তর: **C**):

| | | | |
|---|---|---|---|
| Agree | Decide | Hesitate | Offer |
| Appear | Demand | Hope | Plan |
| Arrange | Deserve | Intend | Threaten |
| Ask | Expect | Learn | Pretend |
| Appreciate | Fail | Manage | Promise |
| Consent | Forget | Mean | Wait |
| Need | Prepare | Refuse | Want |

এই verb গুলোর পর infinitive হবে। অর্থাৎ এই verb গুলোর পর যে main verb আসবে তার আগে to হবে এবং main verb এর base form (to+v1) হবে। তাই অপশন C তে telling না হয়ে to tell হবে।

**30. I Contrary to (A) what had previously been reported, the conditions governing (B) the truce between many countries aranged by (C) the United Nations has (D) not yet been revealed.**

ব্যাখ্যা (উত্তর: **D**): এখানে The conditions এর verb হিসেবে অপশন D তে has বসেছে। কিন্তু The conditions হলো plural. তাই এর verb হিসেবে has না হয়ে have হবে।

**Each of the following consists of a related pair of words. Select the pair that best expresses the relationship similar to that expressed in the pair in bold letters. (Qs. 31-34):**

**31. INDICTED : SENTENCED**

A. Impeached : Removed
B. Arraigned : Tried
C. Elected : Served
D. Guilty : Punished

ব্যাখ্যা (উত্তর: **D**):

| |
|---|
| Indicted (অভিযুক্ত করা) : Sentenced (মৃত্যুদণ্ড দেয়া) |
| Impeached (অভিশংসিত) : Removed (অপসারিত) |
| Arraigned (উপস্থিত) : Tried (চেষ্টা করা) |
| Elected (নির্বাচিত) : Served (পরিবেশিত) |
| Guilty (দোষী) : Punished (দণ্ডিত) |

সম্পর্ক : Indicted ব্যক্তিকে যেমন Sentenced দেওয়া হয় তেমনি Guilty ব্যক্তিকে Punished করা হয়।

**32. URGE : INSIST**

A. Pursue : Hound B. Refuse : Deny
C. Expunge : Purge D. Request : Demand

ব্যাখ্যা (উত্তর: **D**):

| |
|---|
| Urge (অনুরোধ করা) : Insist (জোর করে কিছু করা) |
| Pursue (অন্বেষণ করা) : Hound (জ্বালাতন করা) |
| Refuse (প্রত্যাখ্যান করা) : Deny (প্রত্যাখ্যান করা) |
| Expunge (মুছে ফেলা) : Purge (প্রায়শ্চিত্ত) |
| Request (অনুরোধ করা) : Demand (দাবি করা) |

সম্পর্ক : Urge এর বিপরীত শব্দ হলো Insist। তেমনি Request এর বিপরীত শব্দ হলো Demand

Eminent Publication

**33. CARTOON : DRAWING**
A. Comic : Painting B. Laughter : Tears
C. Crayon : Brush D. Caricature : Portrait
ব্যাখ্যা (উত্তর: D):

| |
|---|
| Cartoon (ব্যঙ্গাত্মক চিত্র) : Drawing (অঙ্কন) |
| Comic (হাস্যকর) : Painting (চিত্র) |
| Laughter (হাসি) : Tears (অশ্রু) |
| Crayon (রঙ্গিন ঘড়ি) : Brush (অঙ্কনী) |
| Caricature (ব্যঙ্গচিত্র) : Portrait (প্রতিকৃতি) |

সম্পর্ক : Cartoon যেমন Drawing করতে হয় তেমনি Caricature ও Portrait করতে হয়।

**34. NOSE : FACE**
A. Ring : Finger B. Stem : Root
C. Knob : Door D. Show : Foot
ব্যাখ্যা (উত্তর: C):

| |
|---|
| Nose (নাক) : Face (মুখমণ্ডল) |
| Ring (চক্র) : Finger (আঙ্গুল) |
| Stem (বৃক্ষের কাণ্ড) : Root (মূল) |
| Knob (শক্ত গাট) : Door (দরজা) |
| Show (প্রদর্শন) : Foot (পা) |

সম্পর্ক : Face এর যেমন Nose থাকে তেমনি Door এর Knob থাকে।

**In each of the following questions, choose from the options the best substitute (Qs. 35–38):**

**35. Having no beginning or end to its existence.**
A. Eternal B. Obscure
C. Universal D. Immeasurable
ব্যাখ্যা (উত্তর: A): কিছু গুরুত্বপূর্ণ One word substitution নিম্নরূপ-

| |
|---|
| Having no beginning or end to its existence : Eternal (চিরন্তন/শাশ্বত) |
| One versed in horsemanship : Jockey (পেশাদার ঘোড়সওয়ার) |
| One who is mostly self-obserbed : Introvert (অন্তর্মুখী ব্যক্তি) |
| A person unable to read or write : Illitearte (নিরক্ষর) |
| One who breaks images : Iconoclast (প্রতিমাচূর্ণকারী) |
| A person who was very fond of his wife : Henpecked (স্ত্রীবশ) |

| |
|---|
| Obscure : অস্পষ্ট, Universal : সার্বজনীন, Immeasurable : অপরিসীম |

**36. Life history of a person written by another–**
A. Autobiography B. Biographpy
C. Bibliography D. Memoir
ব্যাখ্যা (উত্তর: B): কিছু গুরুত্বপূর্ণ One word substitution নিম্নরূপ-

| |
|---|
| Writing of one's own life story : Autobiography (আত্মজীবনী) |
| Writing of one's life story : Biography (জীবনী) |
| A historical account or biography written from personal knowledge. : Memoir |
| A person in charge of a circus performance : Ringmaster (সার্কাসের ক্রিড়া নির্দেশক) |
| A person who performs with puppets : Puppeteer (পুতুল নাচের খেলা দেখায় যে) |
| A person who collects postage stamps : Philatelist (ডাকটিকেট সংগ্রাহক) |
| A person who studies the earth : Geologist |

**37. Language difficult to understand because of bad form–**
A. Rhetoric B. Jargon
C. Pedantic D. Verbatim
ব্যাখ্যা (উত্তর: B): কিছু গুরুত্বপূর্ণ One word substitution নিম্নরূপ-

| |
|---|
| A group of bats is called- Colony |
| Language difficult to understand because of bad form : Jargon (অপভাষা) |
| A group of organized criminal is called Gang |
| A place where birds are kept- Aviary |
| A place for keeping cars- Garage |
| The house of Eskimo- Igloo |

| |
|---|
| Rhetoric : অলঙ্কারসুলভ, Pedantic : পণ্ডিতসুলভ, Verbatim : আক্ষরিক অর্থ |

**38. A person with a beautiful and elegant hand writing–**

A. Calligrapher B. Collier
C. Choreographer D. Cartographer

ব্যাখ্যা (**উত্তর: A**): কিছু গুরুত্বপূর্ণ One word substitution নিম্নরূপ-

| |
|---|
| A person with a beautiful and elegant handwriting : Calligrapher (যার হাতের লেখা সুন্দর) |
| An expert in writing (drawing) maps : Cartographer (মানচিত্রকর) |
| A person who composes the sequence of steps and moves for a performance of dance : Choreographer (নৃত্য পরিচালনাকারী) |
| Illegible or bad handwriting : Cacography (অসুন্দর হাতের লেখা) |
| The act of spying : Espionage (গুপ্তচরবৃত্তি) |
| A person who write dictionaries : Lexicographer (অভিধান রচয়িতা) |
| One person who deals in cattle : Drover (পশু ব্যবসায়ী) |
| A person who believes that pleasure is the chief good : Hedonist (আনন্দবাদী দার্শনিক) |

**Choose the word which is opposite in meaning to the given word (Qs. 39.42):**

**39. Forbid**

A. Provoke B. Appreciate
C. Celebrate D. Permit

ব্যাখ্যা (**উত্তর: D**):

| মূল শব্দ | অর্থ | Synonyms |
|---|---|---|
| Forbid | নিষেধ করা | Veto, prohibit |
| Provoke | উত্তেজিত করা | Ferment, whet |
| Appreciate | তারিফ করা | Praise |
| Celebrate | উদযাপন | Render |
| Permit | অনুমতি | Consent |

সুতরাং Forbid শব্দের বিপরীত শব্দ হলো Permit.

**40. Ostentatious**

A. Awkward B. Bankrupt
C. Ignorant D. Unpretentious

ব্যাখ্যা (**উত্তর: D**):

| মূল শব্দ | অর্থ | Synonyms |
|---|---|---|
| Ostentatious | বড়াইপূর্ণ | Showy |
| Awkward | অপটু | Scratchy |
| Bankrupt | দেউলিয়া | Crash |
| Ignorant | অজ্ঞ | Nescient |
| Unpretentious | বিনয়ী | Compliant |

সুতরাং Ostentatious শব্দের বিপরীত শব্দ হলো Unpretentious.

**41. Definance**

A. Dismay B. Suspicion
C. Obedience D. Anxiety

ব্যাখ্যা (**উত্তর: C**):

| মূল শব্দ | অর্থ | Synonyms |
|---|---|---|
| Definance | অবাধ্যতা | Resistance |
| Dismay | আতঙ্ক | Panic, Terror |
| Suspicion | সন্দেহ | Scruple |
| Obedience | আনুগত্য | Fidelity, trust |
| Anxiety | দুশ্চিন্তা | Flutter, fash |

সুতরাং Definance শব্দের বিপরীত শব্দ হলো Obedience.

**42. Intricate**

A. Foolish B. Simple
C. Straight forward D. Easy

ব্যাখ্যা (**উত্তর: B/C/D**):

| মূল শব্দ | অর্থ | Synonyms |
|---|---|---|
| Intricate | জটিল | Complicated |
| Foolish | মূর্খ | Silly, Maudlin |
| Simple | সহজ | Easy, Straight forward |

সুতরাং Intricate শব্দের বিপরীত শব্দ হলো Simple, Easy, Straight forward.

**Choose the word which is nearest in meaning to the given word (Qs. 43–46):**

**43. Indolence**

A. Leniency B. Relaxation
C. Laziness D. Stagnation

Eminent Publication

ব্যাখ্যা (উত্তর: **C**):

| মূল শব্দ | অর্থ | **Synonyms** |
|---|---|---|
| Indolence | আলস্য | Laziness |
| Leniency | ধৈর্য্য | Patience |
| Relaxation | বিনোদন | Entertainment |
| Stagnation | স্থবিরতা | Doldrums |

**44. Jeopardy**

A. Magic B. Adventure
C. Enmity D. Danger

ব্যাখ্যা (উত্তর: **D**):

| মূল শব্দ | অর্থ | **Synonyms** |
|---|---|---|
| Jeopardy | বিপদ | Danger, peril |
| Magic | জাদু | Glamor, sorcery |
| Adventure | দু:সাহসিক অভিযান | Trip |
| Enmity | শত্রুতা | Animosity |

**45. Paramount**

A. Prestigious B. Supreme
C. Valuable D. Urgent

ব্যাখ্যা (উত্তর: **B**):

| মূল শব্দ | অর্থ | **Synonyms** |
|---|---|---|
| Paramount | সর্বোচ্চ | Supreme |
| Prestigious | মর্যাদাপূর্ণ | Exalted |
| Valuable | দামী | Costly |
| Urgent | জরুরী | Exigent, instant |

**46. Panoramic**

A. Limited B. Bird's Eye
C. Narrow D. Restricted

ব্যাখ্যা (উত্তর: **B**):

| মূল শব্দ | অর্থ | **Synonyms** |
|---|---|---|
| Panoramic | দৃশ্য সংক্রান্ত | Bird's Eye |
| Limited | সীমাবদ্ধ | Restricted, Narrow |

**Select the most effective prepositions from the given words to fill in the blank to make the sentence meaningfully complete (Qs. 47–50):**

**47. We pondered deeply_____ the best course of action to be taken.**

A. about B. over
C. upon D. as to

ব্যাখ্যা (উত্তর: **B**): Ponder over অর্থ গভীরভাবে চিন্তা করা। আরো কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition নিম্নরূপ-

| |
|---|
| Partial to : পক্ষপাতদুষ্ট |
| Passion for : ভাবাবেগ |
| Patient of : সহিষ্ণু |
| Patience with : ধৈর্য্য |
| Permit of : মঞ্জুর করা |
| Plunged in : নিমজ্জিত |

**48. The man who connives ____ the faults of his children is their worst enemy.**

A. with B. at
C. of D. on

ব্যাখ্যা (উত্তর: **B**): Connive at অর্থ উপেক্ষা করা। আরো কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition নিম্নরূপ-

| |
|---|
| Condemn to : দায়ী হওয়া |
| Conducive to : উপাকারী |
| Confess to : স্বীকার করা |
| Confident of : আশাবাদী |
| Confuse with : তালগোল পাকানো |
| Conceal from : লুকানো |
| Congenial to : উপযোগী |

**49. A great writer adopts a style appropriate ___ his subject.**

A. to B. by
C. with D. over

ব্যাখ্যা (উত্তর: **A**): Appropriate to অর্থ উপযুক্ত। আরো কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition নিম্নরূপ-

| |
|---|
| Apology for : ক্ষমা পার্থনা |
| Appetite for : ক্ষুধা |
| Apprise of : জ্ঞাত করা |
| Aptitude for : প্রবণতা |
| Ascribe to : আরোপ করা |
| Ashamed of : লজ্জিত |
| Astonished at : বিস্মিত |

**50. The passengers were very happy _____ the friendly and warm treatment given to them.**

A. by B. about
C. from D. to

ব্যাখ্যা (উত্তর: **B**): Preposition 'About' এর বিভিন্ন ব্যবহার-

| |
|---|
| কোনো বিষয়ে বোঝাতে-<br>The passengers were very happy about the friendly and warm treatment given to them. |
| প্রায় বোঝাতে-<br>The train is about to start. |
| চারদিকে বোঝাতে-<br>The news of his death spread all about. |
| উপলক্ষে-<br>I value character above everything. |

## Math

**51. If $4^{x+y} = 1$ and $4^{x-y} = 4$, then the values of x and y respectively are –**

A. $-\frac{1}{2}$ and $\frac{1}{2}$ B. $-\frac{1}{2}$ and $-\frac{1}{2}$
C. $\frac{1}{2}$ and $\frac{1}{2}$ D. $\frac{1}{2}$ and $\frac{1}{2}$

ব্যাখ্যা (উত্তর: **C**):

Here, $4^{x+y} = 4^{\circ}$ So, $x + y = 0$.....(i)
Again, $4^{x-y} = 4$ So, $x - y = 1$...(ii)

| (i) নং ও (ii) নং যোগ করে | $x=\frac{1}{2}$ (i) নং এ বসিয়ে পাই- |
|---|---|
| $x+y=0$<br>$\underline{x-y=1}$<br>$2x=1$<br>$x=\frac{1}{2}$ | $x+y=0$<br>$\frac{1}{2}+y=0$<br>$y=-\frac{1}{2}$ |

**52. $\sqrt{\frac{4}{3}}-\sqrt{\frac{3}{4}}=?$**

A. $\frac{4\sqrt{3}}{6}$ B. $\frac{1}{2\sqrt{3}}$
C. 1 D. $-\frac{1}{2\sqrt{2}}$

ব্যাখ্যা (উত্তর: **D**):

$$\sqrt{\frac{4}{3}}-\sqrt{\frac{3}{4}}=\frac{2}{\sqrt{3}}-\frac{\sqrt{3}}{2}=\frac{4-\sqrt{3}^2}{2\sqrt{3}}=\frac{1}{2\sqrt{3}}$$

**53. The ages of Sabiha and Suriya are in the ratio of 7:3 respectively. After 6 years, the ratio of their ages will be 5:3. What is the difference in their ages?** (সাবিহা এবং সুরিয়া এর বয়সের অনুপাত যথাক্রমে ৭ : ৩। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত হবে ৫:৩। তাদের বয়সের পাথর্ক্য কত?)

A. 6 years B. 8 years
C. 10 years D. 12 years

ব্যাখ্যা (উত্তর: **B**): ধরি, সাবিহার বয়স ৭ক বছর এবং সুরিয়ার বয়স ৩ক বছর।

প্রশ্নমতে, $\frac{৭ক+৬}{৩ক+৬}=\frac{৫}{৩}$

$\Rightarrow$ ২১ক+১৮= ১৫ক+৩০

$\Rightarrow$ ৬ক= ১২

$\Rightarrow$ ক= ২

বয়সের পাথর্ক্য =৭ক–৩ক= ৭×২–৩×২= ৮ বছর

**54. A scored 30% marks and failed by 15 marks. A scored 40% marks and obtained 35 marks more than those required to pass, the pass percentage is** – (A ৩০% মার্কস পেয়েও ১৫ নম্বরের জন্য অকৃতকার্য হয়। A ৪০% মার্কস পেলে পাশ মার্কস থেকে ৩৫ মার্কস বেশি হয়। পাশ মার্কসের হার কত?)

A. 33% B. 38%
C. 43% D. 46%

ব্যাখ্যা (উত্তর: **A**): Let, the total mark be 100x

ATQ, $40x - 35 = 30x + 15$

$\Rightarrow 10x = 35 + 15 = 50$

$\Rightarrow x = 5$

Required Total mark = 100×5 = 500 marks

Pass marks = $500\times\frac{30}{100}\%+15 = 165$

So, Required Passing % = $\frac{165}{500}\times100 = 33\%$

Eminent Publication

**55. A, B and C are partners in a business. Their share are in the proposition of $\frac{1}{3}$ : $\frac{1}{4}$ : $\frac{1}{5}$, A withdraws half of his capital after 15 months and after another 15 months, a profit of TK. 4340 is divided. The share of C is** – (A, B এবং C একটি ব্যবসায়ের অংশীদার। তাদের শেয়ারের অনুপাত $\frac{১}{৩}$ : $\frac{১}{৪}$ : $\frac{১}{৫}$। ১৫ মাস পরে A তার মূলধনের অর্ধেক উত্তোলন করে এবং তার ১৫ মাস পরে ৪৩৪০ টাকা মুনাফা বণ্টন করা হয়। C এর অংশ কত?)

A. Tk. 1240 B. Tk. 1250
C. TK. 1300 D. TK. 1400

ব্যাখ্যা (উত্তর: **A**):

Ratio of initial investment

$A : B : C = \frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5} = 20 : 15 : 12$

Let their initial investments be 20x, 15x and 12x respectively

$= A : B : C$
$= (20x \times 15 + 10x \times 15) : (15x \times 30) : (12x \times 30)$
$= 450x : 450x : 360x$
$= 5 : 5 : 4$

Here, C's share $= 4340 \times \frac{4}{14} = 1240$ tk

**56. Two coins are tossed. What is the probability of getting at most one head**

A. $\frac{1}{2}$ B. $\frac{1}{4}$
C. $\frac{3}{4}$ D. $\frac{1}{6}$

ব্যাখ্যা (উত্তর: **C**):

| | |
|---|---|
| Favourable outcome (3) | HH, HT, TH |
| Total outcome (4) | HH, HT, TH, TT |

Required Probability

$= \frac{\text{Favourable outcome}}{\text{Total outcome}} = \frac{3}{4}$

**57. A train with length of 150m long, takes 30 seconds to cross a 500m long bridge. How much time will the train take to cross a 370m long platform?** (১৫০ মিটার দীর্ঘ একটি ট্রেন ৩০ সেকেন্ডে ৫০০ মিটার দীর্ঘ একটি ব্রীজ অতিক্রম করে। ৩৭০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে এটির কত সময় লাগবে?)

A. 18 sec B. 24 sec
C. 30 sec D. 36 sec

ব্যাখ্যা (উত্তর: **B**):

ট্রেনের অতিক্রান্ত দূরত্ব= ট্রেনের দৈর্ঘ্য+ ব্রিজের দৈর্ঘ্য
= (১৫০+৫০০) মিটার
= ৬৫০ মিটার

ট্রেনটি ৬৫০ মিটার যায় ৩০ সেকেন্ডে

" ১ " " $\frac{৩০}{৬৫০}$ "

" (১৫০+৩৭০) " " $\frac{৩০\times৫২০}{৬৫০}$ "

= ২৪ সেকেন্ডে

**58. A boat covers 143km upstream in 13 hours and the same distance downstream in 11 hours. What is the speed (in km/hr) of the boat in still (without stream) water?** (একটি নৌকা স্রোতের প্রতিকূলে ১৪৩ কিমি যায় ১৩ ঘন্টায় এবং স্রোতের অনুকূলে একই দূরত্ব যায় ১১ ঘন্টায়। স্থির পানিতে নৌকাটির গতিবেগ কত?)

A. 10km/hr B. 12km / hr
C. 14km / hr D. 8km / hr

ব্যাখ্যা (উত্তর: **B**):

Here, $U + V = \frac{143}{11} = 13$

And, $U - V = \frac{143}{13} = 11$

So, Required Speed in still water $= \frac{13+11}{2}$

$= 12$km /hr

**59. A student walks from his house at a speed of $2\frac{1}{2}$ km per hour and reaches his school 6 minutes late. The next day he increase his speed by 1 km per hour and reaches 6 minutes before school time. How far is the school from his house?** (একজন ছাত্র ঘন্টায় ২.৫ কি.মি. বেগে হেটে তার বাসা থেকে স্কুলে যায় এবং সে ৬ মিনিট দেরিতে পৌছায়। পরের দিন সে তার গতিবেগ ঘন্টায় ১ কি.মি. বৃদ্ধি করে এবং স্কুলের নির্দিষ্ট সময়ের ৬ মিনিট পূর্বে স্কুলে পৌছায়। স্কুল থেকে তার বাড়ির দূরত্ব কত?)

A. $1\frac{1}{4}$ km　　B. $1\frac{3}{4}$ km

C. $2\frac{1}{4}$ km　　D. $2\frac{3}{4}$ km

**ব্যাখ্যা (উত্তর: B):**

Let the distance between the home & the school of the boy = x km.

In the first case, the speed is $2\frac{1}{2}$ k km/hr = $\frac{5}{2}$ km/hr.

$\therefore$ Time taken = $x \div \frac{5}{2}$ hr. = $\frac{2x}{5}$ hr

In the second case his speed= $1+\frac{5}{2}$ km/hr. =$\frac{7}{2}$ km/hr.

$\therefore$ Time taken=$x \div \frac{7}{2}$ hr.= $\frac{2x}{7}$ hr.

$\therefore$ The difference in time = $\frac{2x}{5} - \frac{2x}{7}$ hr.= $\frac{4x}{35} \times 60$min.= $\frac{48x}{7}$ min.

Now, in the first case he is 6 min late = −6 min. and in the second case, he is 6 min early = +6 min.

$\therefore$ The difference in time
=[6−(−6)]min.=12 min.

$\therefore \frac{48x}{7}$ min.=12 min.

$\Rightarrow 4x=7$

$\Rightarrow x=\frac{7}{4}=1\frac{3}{4}$ km

**60. A man buys an article for 10% less than its value and sells it for 10% more than its value. His gain or loss percentage is –** (একজন ব্যক্তি একটি আর্টিকেল এটির মূল্য থেকে ১০% কমে ক্রয় করে এবং এটির মূল্য থেকে ১০% বেশি দামে বিক্রয় করে। তার মুনাফা বা ক্ষতির শতকরা হার কত?)

A. No profit, no loss

B. 20% profit

C. Less than 20% profit

D. More than 20% profit

**ব্যাখ্যা (উত্তর: D):**

ধরি, দ্রব্যটির মূল্য ১০০ক টাকা

১০% কমে দ্রব্যটির ক্রয়মূল্য =১০০ক−(১০০ক× $\frac{১০}{১০০}$ )
= ৯০ক টাকা

১০% বেশি মূল্যে বিক্রয়মূল্য =১০০ক+(১০০ক×$\frac{১০}{১০০}$ )
= ১১০ক টাকা

দ্রব্যটি থেকে মুনাফার পরিমান=১১০ক−৯০ক=২০ক টাকা


শতকরা মুনাফা = $\frac{২০ক}{৯০ক}$ ×১০০= ২২%

**61. A reservoir has two pipes, A and B. A can fill the reservoir 5 hours faster than B. If both together fill the reservoir in 6 hours, the reservoir will be filled by A alone in –** (একটি আধারের দুটি পাইপ আছে A এবং B। আধারটি B থেকে A ৫ ঘন্টা আগে ভর্তি করতে পারে। দুটি পাইপ একত্রে আধারটি ৬ ঘন্টায় ভর্তি করতে পারে। তাহলে আধারটি A একা কত ঘন্টায় ভর্তি করতে পারবে?)

A. 8 hours　　B. 10 hours

C. 11 hours　　D. 12 hours

ব্যাখ্যা (উত্তর: **B**):




According to question,

$\frac{x(x+5)}{x+x+5} = 6$

$\Rightarrow x^2+5x = 12x+30$

$\Rightarrow x^2+5x-12x-30 = 0$

$\Rightarrow x^2-7x-30 = 0$

$\Rightarrow x^2-10x+3x-30 = 0$

$\Rightarrow x(x-10)+3(x-10) = 0$

$\Rightarrow (x+3)(x-10) = 0$

Taking, $(x+3) = 0$

$x = -3$ [Not possible]

$(x-10) = 0$

$\Rightarrow x = 10$

The faster take to fill the reservoir 10 hr

**62. What is the average of odd numbers from 1 to 40?** (১ থেকে ৪০ পর্যন্ত বিজোড় সংখ্যার গড় কত?)

A. 20 B. 21
C. 31 D. 41

ব্যাখ্যা (উত্তর: **A**):

Series : 1+3+5+…….+39

$n^{th}$ terms: $39 = a+(n-1)d$

$\Rightarrow 39 = 1+(n-1)2$

$\Rightarrow 39 = 1+2n-2$

$\Rightarrow n = 20$ [সিরিজে যতটি সংখ্যা আছে]

$\text{Sum} = \frac{n}{2}\{2a+(n-1)d\} = \frac{20}{2}\{2.1+(20-1)2\}$

$= 10(2+38) = 400$

$\text{Average} = \frac{\text{Sum}}{n} = \frac{400}{20} = 20$

**Shortcut :**

Required Average $= \frac{20^2}{20} = 20$

**63. How many different numbers of two digits can be formed with the digits 1, 2, 3, 4, 5, 6: no digit being repeated?** (কোনো অঙ্ককে রিপিট না করে ১, ২, ৩, ৪, ৫, ৬ দিয়ে দুই অঙ্কের কতটি সংখ্যা তৈরি করা যাবে?)

A. 40 B. 30
C. 35 D. 45

ব্যাখ্যা (উত্তর: **B**): We have to fill up two places (since numbers are of two digits)
The first place can be filled up in 6 ways, as any one of the six digits can be placed in the first place.
The $2^{nd}$ place can be filled up in 5 ways as no digit is to be repeated.
Hence, both places can be filled up in $6\times5=30$ ways.

**Shortcut :**

Required numbers without being repeated $= 6 \times 5 = 30$

**64. If the area of a triangle with base x is equal to the area of a square with side x, then the altitude of the triangle is –** (একটি ত্রিভুজের ভূমি x এবং এর ক্ষেত্রফল বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান যার এক বাহু x। ত্রিভুজের উচ্চতা কত?)

A. $\frac{x}{2}$ B. x
C. 2x D. 3x

ব্যাখ্যা (উত্তর: **C**):

আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল$=\frac{1}{2}\times$ভূমি$\times$উচ্চতা

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)$^২$

ATQ, $\frac{1}{2}\times x\times h = x^2$ so, $h = 2x$

**65. If the radius of a circle is reduced by 40%, its circumference is reduced by –** (একটি বৃত্তের ব্যাসার্ধ যদি ৪০% হ্রাস পায়, তাহলে এর পরিধি কত শতাংশ হ্রাস পাবে?)

A. 60% B. 40%
C. 35% D.30%

Eminent Publication

ব্যাখ্যা (উত্তর: **C**): If the radius of a circle will be reduced by 40% its circumference will also be reduced by 40% because circumference of circle is directly dependent on radius of the circle as the formula to find the circumference is Circumference= $2\pi r$ or $\pi d$
d is diameter which is 2r

**66. The complement of an angle exceeds the angle by 60%. Then the angle is equal to –**


A. 15° B. 25°
C. 30° D. 35°

ব্যাখ্যা (উত্তর: **A**):
Let angle =x
Complement =90−x
$\Rightarrow$ 90−x=x+60 (Given)
$\Rightarrow$ 2x=30
$\Rightarrow$ x=15°

**67. If in $\Delta ABC$, AB = 6cm, BC = 12cm and CA = $6\sqrt{3}$ cm, then the measure of $\angle A$ is –**

A. 30° B. 45°
C. 60° D. 90°

ব্যাখ্যা (উত্তর: **D**)




$BC^2 = AB^2 + AC^2$
$\Rightarrow (12)^2 = (6)^2 + (6\sqrt{3})^2$
$\Rightarrow 144 = 144$
Since,
$BC^2 = AB^2 + AC^2$
$\therefore$ By Converse of Pythagoras Theorem, $\Delta ABC$ is an Right Angle Triangle at A.
$\therefore \angle A = 90^\circ$

**68. If $x + \frac{1}{x} = 2$, then $x^3 + \frac{1}{x^3}$ is equal to –**

A. 64 B. 14
C. 8 D. 2

ব্যাখ্যা (উত্তর: **D**):

$$x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$$
$$= 2^3 - 3.2 = 2(Ans)$$

**69. An investor earns 3% return of $\frac{1}{4}$ th of his capital, 5% on $\frac{2}{3}$ rd and 11% on the reminder. What is the average rate of return be earns on his total capital?** (একজন ব্যক্তি তার এক-চতুর্থাংশ মূলধনের উপর ৩০% মুনাফা পায়, দুই-তৃতীয়াংশ মূলধনের উপর ৫% মুনাফা পায় এবং বাকি মূলধনের উপর ১১% মুনাফা পায়। মূলধনের উপর তার গড় মুনাফার হার কত?)

A. 5% B. 5.5%
C. 10% D. 10.5%

ব্যাখ্যা (উত্তর: **A**): Let, total capital x tk

Total return = 3% of $\frac{x}{4}$ +5% of $\frac{2x}{3}$ +11% of $(x - \frac{x}{4} - \frac{2x}{3})$

$$= \frac{3x}{400} + \frac{5}{100} \times \frac{2x}{3} + \frac{11}{100}\left(\frac{12x-3x-8x}{12}\right)$$
$$= \frac{3x}{400} + \frac{10x}{300} + \frac{11x}{1200} = \frac{9x+40x+11x}{1200} = \frac{x}{20}$$

Average rate of return = $\frac{\frac{x}{20}}{x}$
$$= \frac{1}{20} \times 100 = 5\%$$

**70. If x is an integer, then which of the following statements about $x^2 - x - 1$ is true?**

A. It is always odd
B. It is always even.
C. It is always positive.
D. It is even when x even and odd when x is odd.

ব্যাখ্যা (উত্তর: **A**):

| | |
|---|---|
| x=5 | $= x^2 - x - 1 = 5^2 - 5 - 1 = 19$ |
| x=4 | $= x^2 - x - 1 = 4^2 - 4 - 1 = 11$ |

Eminent Publication

## General Knoweldge

**71. In which year, Father of the National Bangabandhu Sheikh Mujibur Rahman received the Juli-Curie award?**

A. 1972 B. 1973
C. 1974 D. None of these

**ব্যাখ্যা (উত্তর: B)**: ১৯৭১ সালের এপ্রিল মাসে মার্কিন সাপ্তাহিক The Newsweek এর সাংবাদিক লোবেন জেঙ্কিস তাঁর প্রতিবেদনে বঙ্গবন্ধুকে রাজনীতির কবি 'Poet of Politics' বলে আখ্যায়িত করেন। বিশ্ব শান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর বঙ্গবন্ধুকে 'জুলি ও কুরি শান্তি পদক' এ ভূষিত করেন। ১৯৭৩ সালের ২৩ মে বঙ্গবন্ধু পদকটি গ্রহণ করেন। ২০০৪ সালে বিবিসির শ্রোতা জরিপে বঙ্গবন্ধু 'হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি' নির্বাচিত হন।

**72. Who formulates 'Monetary Policy' in Bangladesh and how many times in a year?**

A. Bangladesh Bank, once a year
B. Ministry of Finance, once a year
C. Bangladesh Bank, twice a year
D. Ministry of Finance, twice a year

**ব্যাখ্যা (উত্তর: C)**:

যে নীতির মাধ্যমে দেশের অর্থ কর্তৃপক্ষ অর্থের পরিমাণ ও প্রকৃতির উপর নিয়ন্ত্রণ তথা অর্থব্যবস্থা পরিচালনা করে তাকে মুদ্রানীতি (Monetary Policy) বলে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ রেখে কাঙ্ক্ষিত জিডিপি প্রবৃদ্ধি অর্জন এবং উৎপাদনমুখী বিনিয়োগের পাশাপাশি আর্থিক খাতে শৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে মুদ্রানীতি প্রণীত হয়। বাংলাদেশে মুদ্রানীতি প্রণয়ন, ঘোষণা ও বাস্তবায়ন করে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ ব্যাংক বর্তমানে বছরে ২ বার মুদ্রানীতি ঘোষণা করে।

রাজস্বনীতি (Fiscal Policy) হলো সরকারের আয় ও ব্যয়ের সামগ্রিক দর্শন, কৌশল ও ব্যবস্থাপনা। সামষ্টিক অর্থনৈতিক কার্যকলাপ পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য সরকার রাজস্বনীতি প্রণয়ন করে। সাধারণত বাজেটে সরকারের রাজস্বনীতির প্রয়োগ ঘটে। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সংযুক্ত প্রতিষ্ঠান এবং জাতীয় রাজস্ব বোর্ড (NBR: National Board of Revenue) রাজস্বনীতি প্রণয়নের দায়িত্ব পালন করে।

**73. "Capitalism" refers to –**

A. The use of market
B. Government ownership of capital goods
C. Private ownership of capital goods
D. Private ownership of homes and cars

**ব্যাখ্যা (উত্তর: C)**: যে সব প্রতিষ্ঠানগত কাঠামো ও অর্থনৈতিক পরিবেশ দ্বারা মানুষের অর্থনৈতিক কার্যাবলি পরিচালিত হয় তাকে অর্থনৈতিক ব্যবস্থা বলে। বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন ধরণের অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত আছে। এগুলো হলঃ পুঁজিবাদ বা ধনতন্ত্র, সমাজতন্ত্র, মিশ্র অর্থ ব্যবস্থা ও ইসলামী অর্থনীতি।

**পুঁজিবাদী অর্থনীতি (Capitalism)**

পুঁজিবাদ বা ধনতন্ত্র হল এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যেখানে প্রত্যেক ব্যক্তি উৎপাদন, বন্টন ও ভোগের ক্ষেত্রে স্বাধীনতা ভোগ করে। এক্ষেত্রে সম্পদের মালিকানা থাকে ব্যক্তিগত।

**সমাজতান্ত্রিক অর্থনীতি (Socialsim)**

সমাজতন্ত্র হল এমন একটি অর্থ ব্যবস্থা যেখানে উৎপাদনের উপকরণের ওপর কোন ব্যক্তিগত মালিকানা থাকে না। সমাজতন্ত্রে উৎপাদনের ওপর রাস্ট্রীয় মালিকানা প্রতিষ্ঠিত।

**মিশ্র অর্থনীতি**

মিশ্র অর্থনীতি হল এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যেখানে সরকারি ও বেসরকারি উদ্যোগ পাশাপাশি বিরাজ করে। মিশ্র অর্থ ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য হল সরকারি ও বেসরকারি খাতের সহাবস্থান।

**ইসলামী অর্থনীতি**

ইসলামী অর্থনীতি হল এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যা ইসলামী শরীয়তের ওপর প্রতিষ্ঠিত। ইসলামী জীবনবোধ থেকেই ইসলামী অর্থনৈতিক ব্যবস্থার উৎপত্তি।

**74. RTGS stands for**

A. Real Time Goods Settlement
B. Teal Time Gross Standardize
C. Real Time Gross Settlement
D. Real Time Goods Standardize

**ব্যাখ্যা (উত্তর: C)**: RTGS এর পূর্ণরূপ হলো- Real Time Gross Settlement. রিয়েল টাইম গ্রোস সেটেলমেন্ট হলো বিশেষায়িত অর্থ স্থানান্তর ব্যবস্থা যার মাধ্যমে এক ব্যাংক হতে অন্য ব্যাংকে তাৎক্ষণিক বা প্রকৃত সময়ে অর্থ স্থানান্তর করা যায়। রিয়েল টাইম বলতে বুঝায়

এখানে লেনদেন সম্পূর্ণ হতে কোন নির্দিষ্ট সময় অপেক্ষা করতে হয় না বরং লেনদেন প্রক্রিয়া করার সাথে সাথেই লেনদেন সম্পূর্ণ হয়। আর 'গ্রস সেটেলমেন্ট' অর্থ লেনদেনটি অন্য কোনও লেনদেনের সাথে সম্পৃক্ত নয় বরং একবার লেনদেন প্রক্রিয়া সম্পূর্ণ হলে সেটাই চূড়ান্ত এবং প্রত্যাহারযোগ্য নয়। বিশ্বে সর্বপ্রথম ১৯৮৫ সালে এবং বাংলাদেশে ২০১৫ সালে RTGS সেবা চালু হয়।

**75. MICR refers to –**

A. Magnetic Information Character Recognition
B. Magnetic Ink Character Recognition
C. Magnetic Icon Character Recognition
D. Magnetic Ink Code Recognition

**ব্যাখ্যা (উত্তর: B):** MICR এর পূর্ণরূপ হলো Magnetic Ink Character Recognition/ Reader. চৌম্বক কালি বা ফেরোসোফেরিক অক্সাইডযুক্ত কালির সাহায্যে MICR লেখা হয়। এই কালিতে লেখা কাগজ শক্তিশালী চৌম্বকক্ষেত্রে রাখলে কালির ফেরোসোফেরিক অক্সাইডযুক্ত চুম্বকে পরিণত হয়। এরপর এই বর্ণচুম্বকগুলো তাড়িৎ চৌম্বকীয় আবেশের দ্বারা তড়িৎপ্রবাহ উৎপন্ন করে। এই আবিষ্ট তড়িৎপ্রবাহের মান থেকে কোনো বর্ণ পড়া হচ্ছে কম্পিউটার তা বুঝতে পারে এবং সঞ্চিত রাখে। এই পদ্ধতিতেই ব্যাংকের চেক নম্বর পড়া ও লেখা হয়। বাংলাদেশ ব্যাংকসহ সকল তফসিল ব্যাংকে MICR যুক্ত চেক ব্যবহার বাধ্যতামূলক করেছে।

**76. 'Capital punishment' means–**

A. Death penalty B. Misery
C. Financial penalty D. Imprisonment

**ব্যাখ্যা (উত্তর: A):** কিছু গুরুত্বপূর্ণ phrase and idiom নিম্নরূপ-

| Phrase and idiom | Meaning |
|---|---|
| Head in the clouds | A day dreamer |
| Out and out | Thoroughly |
| After one's own heart | To one's own liking |
| Bill of fare | A list of dishes |
| En route | On the way |
| Capital punishment | Death penalty |

**77. Which one of the following books is written by Syed Mujtaba Ali?**

A. Chacha Kahini B. Badhon Hara
C. Deshe Bideshe D. A & C

**ব্যাখ্যা (উত্তর: D):** সৈয়দ মুজতবা আলী ১৯০৪ সালে সিলেট জেলায় জন্মগ্রহণ করেন। তিনি রম্য লেখক হিসেবে সুপরিচিত। কাজী নজরুল ইসলামের পর বাংলা সাহিত্যে তিনি সবচেয়ে বেশি আরবি-ফারসি শব্দ ব্যবহার করেছেন। তাঁর গুরুত্বপূর্ণ সাহিত্যকর্মসমূহ হলো -

| | |
|---|---|
| রম্যগল্প | পঞ্চতন্ত্র, ময়ূরকণ্ঠী, চাচা-কাহিনী |
| উপন্যাস | অবিশ্বাস্য, শবনম |
| শিশুতোষ উপন্যাস | টুনিমেম |
| ভ্রমণকাহিনী | দেশে-বিদেশে, জলে-ডাঙ্গায় |
| ছোটগল্প | পাদটীকা, রসগোল্লা, তীর্থহীনা |

**78. Amar Sonar Bangla "My Golden Bengal" is the national anthem of Bangladesh, written by Nobel Laureate Rabindranath Tagore in which year?**

A. 1913 B. 1911
C. 1905 D. None of these

**ব্যাখ্যা (উত্তর: C):** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলাদেশের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা' ১৯০৫ সালে (১৩১২ বঙ্গাব্দ) 'বঙ্গ দর্শন' পত্রিকায় প্রকাশিত হয়। ২৫ চরণবিশিষ্ট এ কবিতাটির প্রথম ১০ চরণ বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে গৃহীত হয় ১৯৭১ সালের এপ্রিলে যা জাতীয় সংসদে পাশ হয় ১৩ জানুয়ারি ১৯৭২। বাংলাদেশের জাতীয় সঙ্গীতে প্রধানভাবে বাংলাদেশের প্রকৃতির কথা বলা হয়েছে।

**79. How many women freedom fighters received the 'Bir Protik" award for their contribution to the liberation war of Bangladesh?**

A. 5 B. 3
C. 2 D. 6

**ব্যাখ্যা (উত্তর: C):** মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ দুইজন মহিলাকে বীরত্বসূচক 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। যথা- ক্যাপ্টেন সেতারা বেগম (২ নং সেক্টর) এবং তারামন বিবি (১১ নং সেক্টর)। খেতাববিহীন মহিলা বীর মুক্তিযোদ্ধা সুনামগঞ্জের খাসিয়া সম্প্রদায়ের কাঁকন বিবি। তিনি 'মুক্তিবেটি' নামেও পরিচিত।

**80. Poet and politician Pablo Neruda was born in which country?**

A. Argentina B. Chile
C. Mexico D. None of these

ব্যাখ্যা (উত্তর: B): পাবলো নেরুদা একজন চিলীয় কবি-কূটনীতিক ও রাজনীতিবিদ ছিলনে। তিনি ১৯৭১ সালে সাহিত্যে নোবেল পুরস্কার অর্জন করেন। নেরুদা মাত্র তেরো বছর বয়সে কবি হিসেবে পরিচিতি লাভ করেন এবং বিভিন্ন ধরনের কবিতা লিখতে শুরু করেন, তন্মধ্যে ছিল পরাবাস্তববাদী কবিতা, ঐতিহাসিক মহাকাব্য, প্রকাশ্য রাজনৈতিক ইশতেহার, গদ্য আত্মজীবনী এবং ভালোবাসার কবিতা, তন্মধ্যে একটি হল ১৯২৪ সালে প্রকাশিত বিশটি কবিতা ভালোবাসার একটি গান হতাশার শীর্ষক কাব্যগ্রন্থ। নেরুদা তার জীবদ্দশায় বিভিন্ন দেশের বহু কূটনীতিক পদে অধিষ্ঠিত ছিলেন এবং চিলীয় কমিউনিস্ট পার্টির সেনেটর হিসেবে এক মেয়াদ দায়িত্ব পালন করেন।

## সাম্প্রতিক প্রশ্নসমূহ (আপডেট তথ্যসহ)

**81. Recently Bangladesh Bank has increased its policy rate by –**

A. 50 Basis points B. 75 basis points
C. 100 basis points D. None of these

ব্যাখ্যা (উত্তর: B): বাংলাদেশ ব্যাংকের ৪ অক্টোবর, ২০২৩ অনুষ্ঠিত মুদ্রানীতি কমিটির ৬০তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী রেপো পলিসির সুদের হার বিদ্যমান ৬ দশমিক ৫০ শতাংশ থেকে ৭৫ বেসিস পয়েন্ট বাড়িয়ে ৭ দশমিক ২৫ শতাংশ করা হয়েছে। এর মূল উদ্দেশ্য হলো মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখা।

**82. The name of the current Chief of Army Staff of Bangladesh is –**

A. SM Shafiuddin Ahmed
B. Aziz Ahmed
C. SM Saifuddin Ahmed
D. Kazi Habibur Awal

ব্যাখ্যা (উত্তর: A):

| | সেনাবাহিনী | নৌবাহিনী | ডবমানবাহিনী |
|---|---|---|---|
| প্রধান পদ | জেনারেল | এডমিরাল | এয়ার চিফ স্টাফ |
| বর্তমান | এসএম শফিউদ্দিন আহমেদ | নাজমুল হাসান | শেখ আব্দুল হান্নান |

**83. Moungi Bawendi, Louis Brus, and Alexei Ekimov won the Novel in Chemistry in 2023 in the area of –**

A. Development of click chemistry and bioorthogonal chemistry .
B. The discovery and synthesis of quantum dots
C. Development bioorthogonal chemistry
D. None of these

ব্যাখ্যা (উত্তর: B):

| নোবেল পুরস্কার ২০২৩ | | |
|---|---|---|
| ক্ষেত্র | বিজয়ী | অবদান |
| রসায়ন | অ্যালেক্সি ওয়াবিমভ (সোভিয়েত ইউনিয়ন) | কোয়ান্টাম ডটের আবিষ্কার ও সংশ্লেষণের জন্য। তাদের এ কাজ ন্যানো প্রযুক্তিবিষয়ক মৌলিক গবেষণায় অবদান রেখেছে। |
| | মুঙ্গি বাওয়েন্ডি (ফ্রান্স) | |
| | লুই ব্রুস (যুক্তরাষ্ট্র) | |

**84. The name of the designer of the three-story Third Terminal of Hazrat Shahjalal International Airport is –**

A. Zaha Hadid
B. Frank Lloyd Wrigth
C. Rohani Baharin
D. None of them

ব্যাখ্যা (উত্তর: C): হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধন করা হয় ৭ অক্টোবর, ২০২৩। এ টার্মিনালের আয়তন ২,৩০,০০০ বর্গমিটার। এ টার্মিনালের নকশা করেন স্থপতি রোহানি বাহারিন। এ টার্মিনাল একনেকে পাশ হয় ২৪ অক্টোবর, ২০১৭ এবং নির্মাণকাজ উদ্বোধন করা হয় ২৮ ডিসেম্বর, ২০১৯। এর নির্মাণ কাজ সম্পন্ন করেন জাপানের Mitsubishi ও Fujita এবং দক্ষিণ কোরিয়ার Samsung Construction & Trading Corporation এর সমন্বয়ে গঠিত Aviation Dhaka Construction (ADC).

**85. The names of trio who won Nobel prize in physics for creating altra-short pulse of light are –**

A. Alain Aspect, John F. Clauser and Anton Zeilinger
B. Pierre Agostini, Ference Krause and Anne L' Huiller
C. Pierre Agostini, Ferenc Krausz and Anton Zeilinger
D. None of them

ব্যাখ্যা (উত্তর: B):

| নোবেল পুরস্কার ২০২৩ | | |
|---|---|---|
| ক্ষেত্র | বিজয়ী | অবদান |
| পদার্থ বিজ্ঞান | পিয়ের আগোস্তিনি (যুক্তরাষ্ট্র) | পদার্থের ইলেকট্রন ডাইনামিকস গবেষণায় আলোর অ্যাটোসেকেন্ড স্পন্দন তৈরির পরীক্ষণ লব্ধ প্রক্রিয়া নিয়ে গবেষণার জন্য |
| | ফেরেন্স ক্রাউজ (হাঙ্গেরি) | |
| | অ্যান লিয়ের (ফ্রান্স) | |

86. **In Asian Games 2023, Bangladesh did win how many medals?**
A. One Silver and One Bronze
B. Two Bronzes
C. Two Silvers
D. One gold and One silver
**ব্যাখ্যা (উত্তর: B):** এশিয়ান গেমসের প্রথম আসর অনুষ্ঠিত হয় ১৯৫১ সালে এবং স্বাগতিক দেশ ছিল ভারত। প্রতি চার বছর পর পর এটি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ১৯৭৮ সালে সর্বপ্রথম ব্যাংককে অনুষ্ঠিত আসরে অংশগ্রহণ করে। ব্যক্তিগত ইভেন্টে ১৯৮৬ সিউল এশিয়াড়ে মোশাররফ হোসেনের জেতা ব্রোঞ্জ এখন পর্যন্ত দেশের হয়ে ব্যক্তিগত ইভেন্টে প্রথম পদক জয়। এবারের এশিযাডে পদক তালিকায় ৪১টি দেশের মধ্যে দুটি ব্রোঞ্জ পেয়ে ৩৭ নম্বরে বাংলাদেশ।

| পদক | স্বর্ণ | রৌপ্য | ব্রোঞ্জ |
|---|---|---|---|
| পুরুষ (ক্রিকেট) | ভারত | আফগানিস্তান | বাংলাদেশ |
| নারী (ক্রিকেট) | ভারত | শ্রীলঙ্কা | বাংলাদেশ |

87. **The National Seed Board has recently approved two new rice varieties developed by the Bangladesh Rice Research Institute. These are–**
A. Brri 103 and 104B. Brri-104 & 105
C. Brri-105 & Brri 106 D. None of these
**ব্যাখ্যা (উত্তর: C):** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) উদ্ভাবিত নতুন দুই জাতের উচ্চ ফলনশীল ধানের অনুমোদন দিয়েছে জাতীয় বীজ বোর্ড। নতুন জাত দুটি নিয়ে ব্রি উদ্ভাবিত সর্বমোট ধানের জাত সংখ্যা দাঁড়ালো ১১৩টিতে। ২ মার্চ, ২০২৩ জাতীয় বীজ বোর্ডের ১০৯তম সভায় ব্রি ধান ১০৫ ও ব্রি ধান ১০৬ জাতগুলোর অনুমোদন দেয়া হয়। ব্রি ১০৫ হলো বোরো মৌসুমে চাষের উপযোগী কম গ্লাইসেমিক ইনডেক্স (জিআই) সম্পন্ন ডায়াবেটিক জাতের ধান। আর রোপা আউশ মৌসুমের অলবণাক্ত জোয়ার-ভাটা অঞ্চলে চাষের উপযোগী জাত ব্রি ধান ১০৬।

88. **The name of Bangladeshi who got the Ramon Magsaysay Award 2023 is –**
A. Korvi Rakshand
B. Syeda Rizwana Hassan
C. Firdausi Qadiri
D. Noman Khan
**ব্যাখ্যা (উত্তর: A):** এশিয়ার নোবেল খ্যাত র‍্যামন ম্যাগসেসে পুরস্কার। ফিলিপাইনের সপ্তম প্রেসিডেন্ট র‍্যামন ম্যাগসেসেকে স্মরণ করে ১৯৫৭ সালে এটির প্রবর্তন করা হয়। ১৯৫৮ সালে প্রথম পুরস্কার দেয়া হয়। ৩১ আগস্ট, ২০২৩ র‍্যামন ম্যাগসেসের ৬৫তম জন্মদিন উপলক্ষ্যে এবারের বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। ২০২৩ সালের বিজয়ীরা হলেন- বাংলাদেশের করভি রাখসান্দ, ভারতের রবি কান্নান আর, পূর্ব তিমুরের ইওয়েনিও লেমোস এবং ফিলিপাইনের মিরিয়াম করোনেল ফেরের।

> **করভি রাখসান্দ**
> জাগো ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা করভি রাখসান্দ বাংলাদেশের ১৩তম ম্যাগসেসে পুরস্কার বিজয়ী। সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষায় অবদান রাখায় তিনি এ পুরস্কার লাভ করেন। ছয় বন্ধুকে নিয়ে ২০০৭ সালে অলাভজনক প্রতিষ্ঠান জাগো ফাউন্ডেশন প্রতিষ্ঠা লাভ করে।

89. **The name of the first Bangladeshi Vice president of the Asian Development Bank is –**
A. Fatima Yasmin
B. Dr. Fahmida Khatun
C. Dr. Fahmida Nabi
D. None of them
**ব্যাখ্যা (উত্তর: A):** এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ফাতিমা ইয়াসমিনকে আগামী ৩ বছরের জন্য সেক্টর ও থিমের ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ দিয়েছে। এডিবির প্রতিবেদনে বলা হয়েছে, ফাতিমা ইয়াসমিন এডিবির নতুন অপারেটিং মডেলের আওতায় নবগঠিত সেক্টর গ্রুপ, জলবায়ু পরিবর্তন ও টেকসই উন্নয়ন বিভাগের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। তিনি বর্তমানে বাংলাদেশের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সিনিয়র সচিব।

90. **The Final of FIFA World Cup 2022 was played at ______ Stadium.**
A. Lusail B. Ahmad bin ALi
C. Al Bayt D. None of these

ব্যাখ্যা (উত্তর: A):

| ফিফা বিশ্বকাপ ২০২২ |
|---|
| ২০২২ সালে ২২তম ফিফা ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হয় এবং এতে ৩২টি দেশ অংশগ্রহণ করে। এ খেলার আয়োজক দেশ ছিল কাতার। মাসকটের নাম ছিল লা'ইব। এ টুর্নামেন্টের মোট ভেন্যু ছিল ৮টি এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় কাতারের লুসাইল স্টেডিয়ামে। এতে চ্যাম্পিয়ন হয় আর্জেন্টিনা এবং রানার্স আপ হয় ফ্রান্স। গোল্ডেন বুট অর্জনকারী এমবাপ্পে এবং গোল্ডেন বল অর্জনকারী লিওনেল মেসি। |
| **ফিফা বিশ্বকাপ ২০২৬** |
| ২০২৬ সালে ২৩তম ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো এবং এতে ৪৮টি দেশ অংশগ্রহণ করবে। মোট ১৬টি ভেন্যুতে খেলা হবে এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে মেটলাইফ স্টেডিয়াম, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র। |

## ICT

**91. A computer cannot boot unless there is –**

A. Compiler B. Loader
C. Operating system D. Bootstrap

ব্যাখ্যা (উত্তর: C): কম্পিউটার চালু করার জন্য পাওয়ার সুইচ অন করার পর থেকে ডেস্কটপ ওপেন হওয়ার আগ পর্যন্ত এই সময়ের মধ্যে অপারেটিং সিস্টেমের প্রোগ্রামগুলো ধীরে ধীরে ওপেন হয়, যার ফলে কম্পিউটার কাজের জন্য উপযোগী হয়ে উঠে, এই কার্যক্রমকেই বুট বলা হয়। সম্পূর্ণভাবে বুট হয়ে গেলে তারপর কম্পিউটারের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা যায়। অপারেটিং সিস্টেম ব্যবীত বুট করা যায় না।

**92. Firewall is used to protect–**

A. Fire attacks
B. Virus attacks
C. Data-driven attacks
D. Unauthorized access

ব্যাখ্যা (উত্তর: D): Firewall হলো এক ধরনের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যা এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করে। ডেটা প্রবাহের সময় এটি ডেটা পরীক্ষা করে দেখে যে এর ওই গন্তব্যে যাওয়ার অনুমতি আছে কিনা, থাকলে সেটিকে যেতে দেয়।

**93. Which of the following is used both as input and output device?**

A. Touch screen B. Printer
C. Microphone D. Mouse

ব্যাখ্যা (উত্তর: A):

| | |
|---|---|
| ইনপুট ডিভাইস | কী-বোর্ড, মাউস, স্ক্যানার, সেন্সর, বারকোড রিডার, মাইক্রোফোন, ওয়েবক্যাম, ডিজিটাল ক্যামেরা, MICR, OMR, OCR |
| আউটপুট ডিভাইস | মনিটর, প্রিন্টার, স্পিকার, প্লটার, প্রজেক্টর, হেডফোন |
| ইনপুট ও আউটপুট উভয় ডিভাইস | মডেম, টাচস্কিন |

**94. Which of the following is correct?**

A. 1 kilobyte = 1024 bytes
B. 1 megabyte = 1024 bytes
C. 1 kilobyte = 1000 bytes
D. 1 megabyte = 1000 bytes

ব্যাখ্যা (উত্তর: A):

| | |
|---|---|
| 1 বাইট (Byte) | 8 বিট (Bit) |
| 1 নিবল (Nibble) | 4 বিট (Bit) |
| 1 কিলোবাইট (KB) | 1024 বাইট |
| 1 মেগাবাইট (MB) | 1024 কিলোবাইট |
| 1 গিগাবাইট (GB) | 1024 মেগাবাইট |
| 1 টেরাবাইট (TB) | 1024 গিগাবাইট |
| 1 পিটাবাইট (PB) | 1024 টেরাবাইট |

**95. The present corporate name of Facebook is–**

A. Facebook B. Beta
C. Meta D. Alpha

ব্যাখ্যা (উত্তর: C): ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ। তিনি ২০০৪ সালে ফেসবুক ইনকরপোরেশন প্রতিষ্ঠাতা করেন। ২০২১ সালে তিনি এটির নাম পরিবর্তন করে মেটা ইনকরপোরেশন করেন। উল্লেখ্য, ফেসবুক ২০১২ সালে ইনস্ট্যাগ্রাম এবং ২০১২ সালে হোয়াটসঅ্যাপ কিনে নেয়।

**96. Which is used to find and fix the error in the source code of any software?**

A. Encoding B. Debugging
C. Decoding D. Correction

**ব্যাখ্যা (উত্তর: B):**

| |
|---|
| প্রোগ্রামের ভুলকে বাগ (Bugs) বলা হয়। প্রোগ্রামের ত্রুটি খুজে বের করে তা দূর করাকে ডিবাগিং (Debugging) বলে। এর আক্ষরিক অর্থ পোকা বাছা। |
| এনকোডিং হলো একটি অক্ষর (অক্ষর, সংখ্যা, যতিচিহ্ন, এবং নির্দিষ্ট চিহ্ন) এর ক্রম কে বিশেষায়িত ডিজিটাল ফরম্যাটে/সংকেতে রূপান্তর করা। |
| ডিকোডিং এনকোডিং এর বিপরীত প্রক্রিয়া। অর্থাৎ একটি ডিজিটাল সংকেত কে অক্ষরের ক্রমে রূপান্তর করার নামই ডিকোডিং। |

**97. Who was the co-founder of Microsoft Corporation with bill Gates?**

A. Steve Jobs B. Paul Bernard
C. Paul Allen D. John Bacus

**ব্যাখ্যা (উত্তর: C):** তথ্য প্রযুক্তি সম্পর্কিত কিছু উল্লেখযোগ্য প্রতিষ্ঠান সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিম্নরূপ-

| প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠা সাল | উদ্যোক্তা | সদর দপ্তর |
|---|---|---|---|
| আইবিএম | ১৯১১ সাল | হ্যারম্যান হলিরিথ | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| মাইক্রোসফট | ১৯৭৫ সাল | বিল গেটস ও পল অ্যালেন | ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র |
| গুগল ইনকর্পোরেটেড | ১৯৯৮ সাল | ল্যারি পেইজ ও সেগেই ব্রিন | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |
| ইয়াহু.কম | ১৯৯৪ সাল | ডেভিড ফিলো ও জেরি ইয়াং | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |
| ইনটেল কর্পোরেশন | ১৯৬৮ সাল | রবার্ট নয়েস, গর্ডন মুর এবং এন্ড্রু গুভ | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |
| অ্যাপল ইনকর্পোরেটেড | ১৯৭৬ সাল | স্টিভ জবস, রোনাল্ড ওয়েইন ও স্টিভ ওজনিয়াক | ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র |

**98. What is the primary goal of Artificial Intelligence?**

A. To simulate human intelligence
B. To replace human intelligence
C. To enhance human intelligence
D. To mimic animal intelligence

**ব্যাখ্যা (উত্তর: A):** চিন্তাশক্তি, বুদ্ধি কিংবা বিশ্লেষণ ক্ষমতা মানুষের সহজাত। কিন্তু একটি যন্ত্রকে মানুষের মতো বুদ্ধিমত্তা দিয়ে, সেটিকে চিন্তা করানো কিংবা বিশ্লেষণ করানোর ক্ষমতা দেওয়ার ধারণাটিকে সাধারণভাবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা বলা হয়। এটি মানুষের বুদ্ধিমত্তাকে ত্বরান্বিত করে।

**99. Which of the following is not a programming language?**

A. Python B. Java
C. HTML D. SQL

**ব্যাখ্যা (উত্তর: C):**

| |
|---|
| কম্পিউটারের কয়েকটি গুরুত্বপূর্ণ প্রোগ্রামিং ভাষা হলো FORTAN, ALGOL, LISP, COBOL, RPG, PL/1, BASIC, Logo, APL, Pascal, FORTH, C, C++, PROLOG, Java, C#, SQL |
| Hyper Text Mark-up Language এর সংক্ষিপ্ত রূপ হলো HTML যা World Wide Web (WWW) ব্রাউজারে তথ্য প্রদর্শন বা ওয়েব পেইজে তথ্য উপস্থাপন ও ফরমেট করতে প্রোগ্রামারগণ ব্যবহার করেন। |

**100. Which Memory has the highest speed of access?**

A. RAM B. Cache
C. hard Disk D. CD

**ব্যাখ্যা (উত্তর: B):** কাজের গতি বৃদ্ধির জন্য মাইক্রোপ্রসেসর এবং প্রধান স্মৃতির মাঝে অতি উচ্চগতির এবং কম ধারণক্ষমতাসম্পন্ন যে বিশেষ মেমরি ব্যবহার করা হয়, তাকে ক্যাশ মেমরি বলা হয়। সিপিইউয়ের কোনো নির্দেশ প্রয়োজন হলে প্রথমে ক্যাশ মেমরি পরীক্ষা করে, সেখানে না পেলে পরে প্রধান মেমরিতে খোঁজ করে, সেখানেও না পেলে সহায়ক মেমরিতে খোঁজ করে। কোন অ্যাপ্লিকেশন প্রোগ্রামে কাজ করার জন্য যে তথ্যগুলো বারবার ব্যবহৃত হয়, সেই তথ্যগুলোকে ক্যাশ মেমরিতে জমা রাখা হয়। ফলে ঐ তথ্যগুলো খোঁজার জন্য অ্যাপ্লিকেশন প্রোগ্রামকে বারবার ডিস্কে যেতে হয় না। ফলে অ্যাপ্লিকেশনের কাজের গতি বৃদ্ধি পায়। এই মেমরিতে অ্যাকসেস সময় কম লাগে।

‘Download our “**JOB SOLUTION FOR ALL**” from play store and give a 5-star rating and give a good opinion about the app. Please, do share for friends and love one.’